জিয়া অরফানেজ মামলায় খালাস পেলেন খালেদা ও তারেক

written by Chandradip News24 | January 15, 2025

জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া এবং দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানসহ সব আসামিকে খালাস দিয়েছেন দেশের সর্বোচ্চ আদালত। আপিল বিভাগের পর্যবেক্ষণে বলা হয়েছে, রাজনৈতিক প্রতিহিংসার উদ্দেশ্যে এ মামলা পরিচালিত হয়েছিল।

আজ, বুধবার (১৫ জানুয়ারি ২০২৫), প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বাধীন পাঁচ সদস্যের আপিল বেঞ্চ এই রায় প্রদান করেন। হাইকোর্ট এবং নিম্ন আদালতের রায় বাতিল করে সর্বসম্মতিক্রমে আসামিদের খালাস ঘোষণা করা হয়।

মামলার রায়ের পর্যবেক্ষণে আদালত বলেন, এই বিচারের প্রক্রিয়া রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত এবং বেগম জিয়া ও তারেক রহমানসহ আসামিদের বিরুদ্ধে আনা অভিযোগের কোনো প্রমাণ মেলেনি।

মামলার শুনানিতে রাষ্ট্রপক্ষ অভিযোগ প্রমাণে ব্যর্থ হয়। আইনজীবীরা জানান, মামলার নথিপত্রে দুর্নীতির অভিযোগকে নিরপেক্ষ প্রমাণিত করা যায়নি।

এই মামলায় ২০১৮ সালের ৮ ফেব্রুয়ারি বেগম জিয়াকে পাঁচ বছরের

কারাদণ্ড দেওয়া হয়। পরে হাইকোর্ট সেই সাজা বাড়িয়ে ১০ বছরে উন্নীত করে। এ মামলায় বেগম খালেদা জিয়া কারাভোগ করেন দুই বছর এক মাস ১৩ দিন।

মামলায় আসামিপক্ষের জয় দেশজুড়ে আলোড়ন সৃষ্টি করেছে এবং তা রাজনৈতিক অঙ্গনে ব্যাপক আলোচনার জন্ম দিয়েছে।

“মো: তুহিন হোসেন,
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম’